জনাব সাহিদা বেগম
২৮/০৪/২০২৩

পরিচালকের দপ্তর
কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২
পরিসংখ্যান ভবন (৭ম তলা, ব্লক-২)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.৩৭০.০৭.০০৭.২০২২- ৯৬৮ (ক) তারিখঃ ৫/০৪/২৩

## কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২" শীর্ষক প্রকল্প অফিসে ব্যবহারের জন্য পিপিএ'২০০৬ ও পিপিআর'২০০৮ অনুযায়ী ০১(এক) টি ফটোকপিয়ার মেশিন সংগ্রহ করার জন্য প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক কোটেশন (RFQ) আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ০১ | Multifuntional Photocopier Machine | ০১(এক) টি |

শর্তাবলীঃ

০১। বিস্তারিত বিবরণ সম্বলিত কোটেশন সিডিউল প্রকল্প পরিচালক, পরিসংখ্যান ভবন (৭ম তলা, ব্লক-২), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর দপ্তর হতে ০৯-০৪-২০২৩ হতে ১৭-০৪-২০২৩ খ্রি. তারিখ বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। (সরকারী ছুটির দিন ব্যতীত)।

০২। কোটেশন নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ১৭-০৪-২০২৩ তারিখ দুপুর ১:৩০ ঘটিকা পর্যন্ত প্রকল্প পরিচালকের দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে এবং একই দিন বিকাল ০২:০০ ঘটিকায় স্বল্পমুল্যে ক্রয়ের জন্য দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক উন্মুক্তকরণ ও মূল্যায়ন করা হবে।

০৩। কোটেশনের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স (২০২২-২০২৩), আয়কর পরিশোধের সনদপত্র (২০২২-২০২৩), ভ্যাট রেজিষ্ট্রেশনের সনদপত্র, ব্যাংক সলভেনসী সনদ দরপত্রের সাথে জমা দিতে হবে। তবে মূল কপি চুক্তি স্বাক্ষরের সময় দেখাতে হবে।

০৪। সরবরাহকৃত ফটোকপিয়ার "খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২" এর যাচাই-বাছাই ও গ্রহণ কমিটি কর্তৃক সিডিউলে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী গ্রহণ করা হবে।

০৫। কার্যাদেশ প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে কার্যাদেশ এ বর্ণিত মালামাল প্রকল্পের কার্যালয়ে সরবরাহ করতে হবে।

০৬। সরবরাহকৃত ফটোকপিয়ার কোন প্রকার ত্রুটি/সমস্যা দেখা দিলে নিজ খরচে ত্রুটি মুক্ত অথবা প্রয়োজনে সরবরাহকৃত মালামালের পরিবর্তে নতুন ফটোকপিয়ার তাতক্ষনিক সরবরাহ করতে হবে।

০৭। কৃতকার্য দরদাতার সাথে ক্রয়কারী কর্তৃপক্ষের পক্ষে প্রকল্প পরিচালক ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্মতির চুক্তিপত্র স্বাক্ষর করবেন, যেখানে ফটোকপিয়ার সংক্রান্ত শর্তাবলী বিস্তারিত উল্লেখ থাকবে। যা' উভয়পক্ষ কর্তৃক প্রতিপালিত হবে।

০৮। ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেশন দলিলে বিকল্প দর প্রদান করতে পারবে না।

০৯। বর্ণিত মালামাল প্রকল্প দপ্তরে জমা দেওয়ার পর উক্ত বিল এজিবি অফিস কর্তৃক বিল পাশের পর চেকের মাধ্যমে অর্থ পরিশোধ করা হবে। উক্ত বিল হতে সরকারী বিধি মোতাবেক নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর ইত্যাদি যাবতীয় সরকারী/রাজস্ব কর্তন পূর্বক বিল পরিশোধ করা হবে।

১০। প্রকল্প কর্তৃপক্ষ এতদ্‌সংক্রান্ত প্রয়োজনীয় কোন শর্ত সংযোজন ও বিয়োজন করতে পারবেন। তা'ছাড়াও কোন রকম দায়-দায়িত্ব গ্রহণ অথবা কারণ প্রদর্শন ছাড়াই কর্তৃপক্ষ দরপত্র গ্রহণ অথবা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৫/৪/২০২৩

মোঃ আব্দুল হালিম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৫৫০০৭০৬২
ই-মেইল: bbs.halim@gmail.com

বিতরণ ও সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে :

১। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিবিএস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)
২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিসিসি'র নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)
৩। সভাপতি, স্বল্পমুল্যে ক্রয়ের জন্য দরপত্র/প্রস্তাব মূলায়ন কমিটি, খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২ প্রকল্প, বিবিএস।
৪। সদস্য-সচিব/সদস্য, স্বল্পমুল্যে ক্রয়ের জন্য দরপত্র/প্রস্তাব মূলায়ন কমিটি, খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২ প্রকল্প, বিবিএস।
৫। অফিস নোটিস বোর্ড, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (নীচ তলা), আগারগাঁও, ঢাকা।
৬। হিসাব শাখা, খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২ প্রকল্প, বিবিএস, ঢাকা।
৭। সরবরাহকারী প্রতিষ্ঠান------------------------------------------------------------------------------------।
৮। অফিস কপি।